গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা- ০২ (সমন্বয়,জিপিএমএস.আইসিটি,প্রশিক্ষণ ও মনিটরিং)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০০০.০৪৫.২৫.০০৪৩.২২.১৬৬৬

তারিখ: ১৯/০৫/২০২৬ খ্রি.

শিক্ষা মন্ত্রণালয় এর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর ২০ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ তারিখের আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণীর পত্র নং- ৫৭.০০.০০০০.০৫৯.৯৯.০০৬.১৭.২৫৩ নং স্মারক পত্রটি পৃষ্ঠাংকনপূর্বক সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

১৯.০৫.২৬

(মোঃ রাকিবুল হাসান)
সহকারী পরিচালক

১। অধ্যক্ষ, ................. সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)

সংযুক্তি: ক) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর কার্যবিবরণীর পত্র।

অনুলিপি **(সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে):**

১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। অধ্যক্ষ, ......................................সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ............................................।
৩। চীফ একাউন্টস্ এন্ড ফাইন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ..................................................................।
৫। জেলা/উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ... ...................।
৬। সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.৯৯.০০৬.১৭-২৫৩

তারিখ: ০৭ বৈশাখ ১৪৩৩
২০ এপ্রিল ২০২৬

বিষয়: 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচি সফলভাবে আয়োজনের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন

সূত্র: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে ১২.০৪.২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে, ১২ এপ্রিল ২০২৬ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত ৩.১ এর 'ঙ' যথাযথভাবে অনুসরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।


২০.০৪.২০২৬
মোহাম্মদ মিকাইল
উপসচিব
ফোন: ০২-৫৫১০১০৮৯
ই-মেইল: sastec1@tmed.gov.bd


বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০২। যুগ্মসচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৩। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচি সফলভাবে আয়োজনের লক্ষ্যে আয়োজিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | |
| সভার তারিখ | ১২ এপ্রিল ২০২৬ খ্রি. |
| সভার সময় | বেলা: ৩.০০ টায় |
| স্থান | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

১.০। **উপস্থাপনা:**

১.১। সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (ক্রীড়া-২ অনুবিভাগ) সভাকে অবহিত করেন যে, বাংলাদেশে ক্রীড়া উন্নয়নে সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে তৃণমূল পর্যায়ে ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের মধ্য থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ হিসাবে গড়ে তোলার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন ক্রীড়া পরিদপ্তর কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' নামে একটি বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বাংলাদেশে ক্রীড়া উন্নয়নে সরকারের পরিকল্পনার অংশ হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আগামী ০২ মে ২০২৬ তারিখ বেলা ৩.০০ টায় সিলেট জেলা স্টেডিয়ামে 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচির শুভ উদ্বোধনের জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এ আয়োজনের শুভ উদ্বোধনের মধ্য দিয়ে সারাদেশে একযোগে এ কর্মসূচির কার্যক্রম শুরু হবে। দেশব্যাপী এ কর্মসূচি সফলভাবে আয়োজনের লক্ষ্যে অদ্যকার আন্ত:মন্ত্রণালয় সভা আয়োজন করা হয়েছে।

১.২। সভায় উল্লেখ করা হয় যে, এই কর্মসূচির মাধ্যমে ক্রীড়াকে পেশা হিসাবে প্রতিষ্ঠার মাধ্যমে একটি সুস্থ ও কর্মঠ জাতি হিসাবে গড়ে তোলার সুযোগ তৈরি হবে। দেশের তৃণমূল পর্যায় থেকে জাতীয় পর্যায় পর্যন্ত দক্ষ ক্রীড়াবিদ গড়ে তোলার লক্ষ্যে দেশব্যাপী 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচিটি একটি সুসংগঠিত কাঠামোর মাধ্যমে পরিচালিত হবে। এ কর্মসূচির আওতায় শিশু-কিশোররা মোট ৮টি ইভেন্টে (ফুটবল, ক্রিকেট, কাবাডি, ব্যাডমিন্টন, মার্শাল আর্ট, দাবা, সাঁতার এবং অ্যাথলেটিক্স) অংশগ্রহণের সুযোগ পাবে। প্রতিযোগিতার প্রাথমিক ধাপ শুরু হবে ইউনিয়ন, উপজেলা এবং সিটি কর্পোরেশনের ওয়ার্ডভিত্তিক দল গঠনের মাধ্যমে। 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচিটি তৃণমূল পর্যায় থেকে জাতীয় পর্যায় পর্যন্ত চলতি অর্থ বছরে মোট ০৪ (চার) টি স্তরে যথা উপজেলা, জেলা, বিভাগীয় তথা আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে। এই কর্মসূচিতে অংশগ্রহণকারী শিশু-কিশোরদের দৈনিক ও যাতায়াত ভাতা, ক্রীড়া সামগ্রী ও জার্সি, সনদপত্র প্রদান করা হবে। 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচিটি দেশব্যাপী সুশৃঙ্খল ও সমন্বিতভাবে পরিচালনার লক্ষ্যে বিভিন্ন পর্যায়ের প্রশাসনিক ও বাস্তবায়ন কমিটি দায়িত্ব পালন করবে। এ কর্মসূচি বাস্তবায়নে ইতোমধ্যে একটি নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে যা খুব শীঘ্রই প্রকাশ করা হবে।

২.০। **আলোচনা:**

২.১। সভাপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচির সফলভাবে শুভ উদ্বোধনের বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের করণীয় বিষয়ে অতিরিক্ত সচিব (ক্রীড়া-২ অনুবিভাগ) নিম্নরূপভাবে উপস্থাপন করা করেন:

| ক্রমিক নং | মন্ত্রণালয়/সংস্থার নাম | প্রাসঙ্গিক কার্যক্রম |
|---|---|---|
| ০১ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | এ কর্মসূচি বাস্তবায়নে সিলেটের মূল ভেন্যুসহ সকল ভেন্যুর নিরাপত্তা নিশ্চিতকরণ; |
| ০২ | অর্থ বিভাগ | এ কর্মসূচি বাস্তবায়নে বাজেট অনুমোদন সংক্রান্ত |
| ০৩ | স্থানীয় সরকার বিভাগ | এ কর্মসূচি বাস্তবায়নে মাঠ প্রাপ্তির আবশ্যক ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা এবং ঢাকা শহরে বিলবোর্ডে কর্মসূচির প্রচারণা |
| ০৪ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | এ কর্মসূচি বাস্তবায়নে মাধ্যমিক বিদ্যালয়ের ১২-১৪ বছর বয়সী শিশু – কিশোরদের অনলাইন কিংবা অনস্পট রেজিস্ট্রেশনের অংশগ্রহণে উদ্বুদ্ধ করা সহ ব্যাপক প্রচারের প্রয়োজনীয় সহযোগিতা |
| ০৫ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | এ কর্মসূচি বাস্তবায়নে মাদ্রাসা এবং কারিগরি বিদ্যালয়ের ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের অনলাইন কিংবা অনস্পট রেজিস্ট্রেশনের অংশগ্রহণে উদ্বুদ্ধ করা সহ ব্যাপক প্রচারে প্রয়োজনীয় সহযোগিতা |
| ০৬ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | এ কর্মসূচির বিষয়ে প্রচার-প্রচারণার মাধ্যমে সকলকে অবগত করা এবং অনুষ্ঠিতব্য প্রোগ্রাম সম্প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ |
| ০৭ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | এ কর্মসূচি বাস্তবায়নে সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারসহ প্রয়োজনীয় সহযোগিতা |
| ০৮ | মন্ত্রিপরিষদ বিভাগ | এ কর্মসূচি বাস্তবায়নে মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাদের (বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা) বিশেষত বিভাগীয় কমিশনার, সিলেট এবং জেলা প্রশাসক, সিলেট প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ সার্বিক সহযোগিতা। |

২.২। সভাপতি মহোদয় সভায় আগত প্রতিনিধিগণের নিকট 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচির সফলভাবে শুভ উদ্বোধনের বিষয়ে বিভিন্ন মতামত জানতে চাইলে আগত প্রতিনিধিগণ তাদের স্ব স্ব অবস্থান হতে এ কর্মসূচির সফল আয়োজনের বিষয়ে মতামত ব্যক্ত করেন। সভায় আগত প্রতিনিধিগণ স্ব-অবস্থান থেকে মাঠ প্রস্তুত, প্রতিযোগিতার মাঠ ও ভেন্যুগুলো দ্রুত খেলার উপযোগীকরণ, সকল শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া সংগঠন, প্রিন্ট, ইলেক্ট্রনিক মিডিয়া এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচারণার কার্যক্রম গ্রহণ, আগামী ২ মে ২০২৬ মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিতিতে সিলেট জেলা স্টেডিয়ামে উদ্বোধনী অনুষ্ঠান ও একযোগে অন্য ৬৩ টি জেলায় জেলা প্রশাসনের আয়োজনে নতুন কুড়ি স্পোর্টস ২০২৬ এর উদ্বোধনী অনুষ্ঠানে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও স্বেচ্ছাসেবকদের সমন্বয়ে কঠোর নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ, মাঠ পর্যায়ের প্রস্তুতির জন্য স্থানীয় সরকারি দপ্তরগুলোর মধ্যে নিবিড় সমন্বয় বজায় রাখার বিষয়ে মতামত ব্যক্ত করেন। সভাপতি মহোদয় প্রতিনিধিগণের প্রদত্ত মতামতের উপর ভিত্তি করে করণীয় বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৩.০। **বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**

৩.১। বাংলাদেশের ক্রীড়া উন্নয়নে সরকারের পরিকল্পনার অংশ হিসাবে 'নতুন কুঁড়ি স্পোর্টস' বিশেষ কর্মসূচিটি দেশব্যাপী যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপভাবে সিদ্ধান্ত গৃহীত হলো:

| ক্রমিক নং | প্রাসঙ্গিক কার্যক্রম | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|
| ক | 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬' কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানের সিলেটের মূল ভেন্যুসহ সকল ভেন্যুর নিরাপত্তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| খ | এ কর্মসূচি বাস্তবায়নে বাজেট অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | অর্থ বিভাগ |
| গ | এ কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় মাঠ প্রাপ্তির আবশ্যক ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা এবং ঢাকা শহরে বিলবোর্ডে এ কর্মসূচির প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | স্থানীয় সরকার বিভাগ |
| ঘ | এ কর্মসূচি বাস্তবায়নে মাধ্যমিক বিদ্যালয়ের ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের অনলাইন কিংবা অনস্পট রেজিস্ট্রেশনের অংশগ্রহণে উদ্বুদ্ধ করা এবং প্রতিষ্ঠান সমূহের সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার করা । এক্ষেত্রে যুব ও ক্রীড়া মন্ত্রনালয় কর্তৃক নির্ধারিত TVC, Audio-Visual Content এবং Drop Down Banner এর জন্য সুনির্দিষ্ট Content সরবরাহ করা হবে; | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ |
| ঙ | এ কর্মসূচি বাস্তবায়নে মাদ্রাসা এবং কারিগরি বিদ্যালয়ের ১২-১৪ বছর বয়সী শিশু- কিশোরদের অনলাইন কিংবা অনস্পট রেজিস্ট্রেশনের অংশগ্রহনে উদ্বুদ্ধ করা এবং প্রতিষ্ঠান সমূহের সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার করা; এক্ষেত্রে যুব ও ক্রীড়া মন্ত্রনালয় কর্তৃক নির্ধারিত TVC, Audio-Visual Content এবং Drop Down Banner এর জন্য সুনির্দিষ্ট Content সরবরাহ করা হবে; | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| চ | এ কর্মসূচির বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রনালয় কর্তৃক নির্ধারিত TVC, Audio-Visual Content এর প্রচার-প্রচারণার মাধ্যমে সকলকে অবগত করা এবং অনুষ্ঠিতব্য প্রোগ্রাম সরকারি/বেসরকারি চ্যানেলে সরাসরি সম্প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| ছ | এ কর্মসূচি বাস্তবায়নে সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ; | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| জ | এ কর্মসূচি বাস্তবায়নে মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাদের (বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা) বিশেষত বিভাগীয় কমিশনার, সিলেট এবং জেলা প্রশাসক, সিলেট প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ সার্বিক সহযোগিতা। | মন্ত্রিপরিষদ বিভাগ |

৩.১। এ কর্মসূচির বাস্তবায়নে মাঠ প্রস্তুত, প্রচার-প্রচারণা, নিরাপত্তা নিশ্চিতকরণ, প্রতিযোগিতার মাঠ ও ভেন্যুগুলো দ্রুত খেলার উপযোগীকরণ, সকল শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক পর্যায়ে ব্যাপক প্রচারণার কার্যক্রম গ্রহণ, মাঠ পর্যায়ের প্রস্তুতির জন্য স্থানীয় সরকারি দপ্তরগুলোর মধ্যে নিবিড় সমন্বয় ও আগ্রহী শিশু-কিশোরদের নিবন্ধন কার্যক্রমে সহযোগীতার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

৪.০। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩-০৪-২০২৬
মোঃ মাহবুব-উল-আলম
সচিব

নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.১৪৬

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৯। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
১২। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, আদমজী কোর্ট এনেক্স-২ ভবন, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
১৪। নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব ), জাতীয় ক্রীড়া পরিষদ, পুরানা পল্টন, ঢাকা।
১৫। নির্বাহী পরিচালক, জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
১৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। সহকারী পরিচালক (প্রশাসন), ক্রীড়া পরিদপ্তর, আদমজী কোর্ট এনেক্স-২ ভবন, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং
১৯। জেলা ক্রীড়া অফিসার, ঢাকা/ময়মনসিংহ।

১৫-০৪-২০২৬
মুঃ গোলাম মোস্তফা
উপসচিব